ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট- ২০১৯

দর্শকদের জন্য অনুষ্ঠানস্থলে প্রবেশের গুরুত্বপূর্ণ তথ্য:

১. অনুষ্ঠানটি সবার জন্য উন্মুক্ত। সন্ধ্যা ৬:০০ টা থেকে রাত ১২:০০ টা পর্যন্ত অনুষ্ঠান চলবে।
২. অনুষ্ঠানে প্রবেশের জন্য অবশ্যই রেজিস্ট্রেশন করতে হবে। তিনদিন ব্যাপী অনুষ্ঠানে প্রতিদিন ভেন্যুতে প্রবেশের সময় এন্ট্রি পাস দেখাতে হবে।
৩. অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন **dhakainternationalfolkfest.com**
৪. রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয়পত্র/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্টের স্ক্যান কপি প্রয়োজন হবে।
৫. হেডফোন, চার্জার, পাওয়ার ব্যাংক আর্মি স্টেডিয়ামে আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
৬. অনুষ্ঠানস্থলে যেকোনো প্রকার কসমেটিকস্ আনা যাবে না।
৭. অনুষ্ঠানস্থলে তরল ওষুধ বহন করা যাবে না।
৮. কোনো ধরনের ব্যাগ নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না। শুধু মেয়েরা (৮”X ৬”) মাপের ছোট পার্স ব্যবহারের জন্য রাখতে পারবেন। মাঠে ব্যাগ রাখার কোনো ব্যবস্থা থাকবে না। পুরুষদের অবশ্যই তাদের চাবি, মোবাইল ফোন এবং ওয়ালেট পকেটে রাখতে হবে।
৯. রাত ১০টার পরে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।
১০. ১১ বছরের কম বয়সের শিশু অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে পারবে না।
১১. অনুষ্ঠানস্থল থেকে একবার বের হলে আর ভেতরে প্রবেশ করা যাবেনা।
১২. অনুষ্ঠান শেষে আর্মি স্টেডিয়াম থেকে গন্তব্যে পৌঁছানোর জন্য পাঁচটি ভিন্ন ভিন্ন রুটে বাসের ব্যবস্থা থাকবে।
১৩. সুসংগঠিত ব্যবস্থাপনার মাধ্যমে দর্শকদের মাঠে ঢোকানো হবে। প্রত্যেককে নিজের সঙ্গে যেকোনো প্রকার ছবিযুক্ত পরিচয়পত্র রাখার জন্য অনুরোধ করা হচ্ছে। লাইনে দাঁড়িয়ে থাকা অবস্থায় যেন কোনো বিশৃঙ্খলা না হয় সেজন্য সবার সহযোগিতা কাম্য।
১৪. বাইরে থেকে কোনো ধরনের খাবার এবং পানীয় আনা সম্পূর্ণ নিষিদ্ধ। অনুষ্ঠানস্থলে খাবারের জন্য নির্দিষ্ট জায়গা থাকবে যেখানে অর্থ পরিশোধের মাধ্যমে দর্শকরা খাবার কিনতে পারবেন।
১৫. অনুষ্ঠান চলাকালীন সময়ে মোবাইল সাইলেন্ট রাখার অনুরোধ করা যাচ্ছে।
১৬. যেকোনো ধরনের তামাক, তামাকজাতদ্রব্য অথবা ই-সিগারেট নিয়ে প্রবেশ নিষেধ। অনুষ্ঠানস্থলে ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ।
১৭. আয়োজকরা অনাকাঙ্ক্ষিত ঘটনা ও দুর্ঘটনা রোধে নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কারও প্রবেশিধাকার বাতিল করার অধিকার রাখে।
১৮. ব্যক্তিগত সামগ্রীর যেকোনো ধরনের ক্ষয়ক্ষতি, চুরির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
১৯. আয়োজকরা নিরাপত্তার স্বার্থে নির্দিষ্ট সময় পর পর তল্লাশী চালানোর অধিকার রাখে। কোনো দ্রব্য যদি বিপদের কারণ হয় এবং দর্শকদের মনযোগে ব্যাঘাত ঘটায় তবে সেই দ্রব্যটি সরিয়ে নেবার অধিকার আয়োজকদের থাকবে।
২০. আয়োজকরা যেকোনো ধরনের পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই শিল্পীদের পরিবেশনার সময়সূচি পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।
২১. অনুষ্ঠান চলাকালে দর্শকদের আসনে উপবিষ্ট থাকতে হবে।

২২. আসন সংখ্যা সীমিত। ‘আগে আসলে আগে পাওয়া যাবে’ ভিত্তিতে বন্টন করা হবে। আসনবিন্যাস পরিবর্তন এবং যেকোনো দর্শককে বিকল্প কোনো আসনে বসানোর অধিকার আয়োজকের আছে।

২৩. ভেন্যুতে সিসি ক্যামেরা এবং দৃশ্যধারণের জন্য প্রয়োজনীয় ক্যামেরা থাকবে। আয়োজনের প্রয়োজনে উপস্থিত দর্শকদের চিত্রগ্রহণ এবং সাউন্ড রেকর্ডিং-এর ব্যাপারে আয়োজকদের কাছে কোনো অভিযোগ করা যাবে না।

২৪. অনুষ্ঠান স্থলে প্রফেশনাল ক্যামেরা, চিত্রগ্রহণ এবং সাউন্ড রেকর্ডিং এর কোন উপকরণ এর ব্যবহার নিষেধ। দর্শকদের অসুবিধা হয় এবং মনোযোগে ব্যাঘাত ঘটায় এমন কোন বস্তু পেলে আয়োজকরা তা বাজেয়াপ্ত করা এবং সরিয়ে নেবার অধিকার রাখে।

২৫. পার্কিং এর কোন ব্যবস্থা থাকবে না।